



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ১৬ জানুয়ারী ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

নাইক্ষ্যংছড়িতে গণতান্ত্রিক যুব ফোরাম নেতাদের উপর সন্ত্রাসী হামলার নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) বান্দরবান জেলা ইউনিটের সংগঠক ছোটন তঞ্চঙ্গ্যা ও গণতান্ত্রিক যুব ফোরামের কেন্দ্রীয় সভাপতি মাইকেল চাকমা আজ শনিবার ১৬ জানুয়ারী ২০১৬, এক যুক্ত বিবৃতিতে নাইক্ষ্যংছড়িতে সফররত গণতান্ত্রিক যুব ফোরামের কেন্দ্রীয় নেতা ও স্থানীয় সমর্থকদের উপর কতিপয় দুর্বৃত্তের সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

ঘটনার বর্ণনা দিয়ে নেতৃত্ব বলেন, ‘গতকাল শুক্রবার গণতান্ত্রিক যুব ফোরামের কেন্দ্রীয় সদস্য ও চট্টগ্রাম মহানগর শাখার সহসভাপতি শুভ চাক ও রূপন মারমা সাংগঠনিক কাজে নাইক্ষ্যংছড়ি যান। আজ শনিবার তারা এলাকার তিন সমর্থককে নিয়ে সোনাইছড়ি ইউনিয়নের নামার পাড়ায় গেলে ভূমি দস্যুদের মদদপুষ্ট দুর্বৃত্তরা সকাল সাড়ে এগারটার দিকে তাদের উপর সন্ত্রাসী হামলা চালায়। এতে বাইশারী ইউনিয়নের অধীন ধুইয়া বাপের পাড়ার প্রধান সিংঅংজাই কার্বারী, আজিজনগরের মংমেগ্য মারমা, মংপ্রালা মারমা ও ডিওয়াইএফ নেতা শুভ চাক গুরুতর আহত হন।’

হামলাকারীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়ে নেতৃত্ব বলেন, ‘অধিকারহারা জনগণের পক্ষের কেউ এই ন্যাকারজনক হামলা চালাতে পারে না, কারণ নাইক্ষ্যংছড়িসহ বান্দরবানে ব্যাপক ভূমি বেদখল ও পাহাড়ি উচ্ছেদের প্রেক্ষাপটে সেখানকার জনগণকে সচেতন করতেই তারা ওই সফর হাতে নিয়েছিলেন।’

কোন ধরনের হামলা কিংবা কোন অপশক্তি নাইক্ষ্যংছড়ি তথা বান্দরবানের জনগণকে ইউপিডিএফের নেতৃত্বে পরিচালিত গণতান্ত্রিক আন্দোলনে অংশগ্রহণ করা থেকে বিরত রাখতে পারবে না বলে তারা মন্তব্য করেন এবং নাইক্ষ্যংছড়িসহ বান্দরবানে ভূমি বেদখল ও উচ্ছেদের বিরুদ্ধে কার্যকর গণপ্রতিরোধ গড়ে তুলতে সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।